

2024-06

Career and Networking Day 2024

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1118>

Downloaded from IUB Academic Repository

🏠 / কর্পোরেট কর্নার

প্রকাশ: ১২ জুন, ২০২৪ ২২:০৬

শতাধিক প্রতিষ্ঠানের অংশগ্রহণে আইইউবিতে ক্যারিয়ার অ্যান্ড নেটওয়ার্কিং ডে

✍️ প্রেস বিজ্ঞপ্তি



অ +

অ -



একশটিরও বেশি প্রতিষ্ঠানের অংশগ্রহণে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-তে আয়োজিত হলো বার্ষিক ক্যারিয়ার অ্যান্ড নেটওয়ার্কিং ডে ২০২৪।

বুধবার (১২ জুন) আয়োজনে ছিলো আইইউবির ক্যারিয়ার গাইডেন্স প্লেসমেন্ট অ্যান্ড অ্যালামনাই রিলেশন্স (সিজিপিঅ্যান্ডএআর) অফিস।

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান, টেলিকম অপারেটর, ফার্মাসিউটিকাল, প্রযুক্তি, খাদ্য ও কোমল পানীয়, এনজিও, উন্নয়ন সংস্থা, গণমাধ্যম, বিজ্ঞাপন,

স্টার্টআপ, মানবসম্পদ ব্যবস্থাপনা প্রতিষ্ঠানসহ দেশের প্রায় সব খাতের প্রতিষ্ঠানের অংশগ্রহণ ছিলো আইইউবির ক্যারিয়ার ডে-তে।

এদের মধ্যে ছিলো রবি, স্কয়ার, হা-মীম গ্রুপ, এবিসি গ্রুপ, পূর্বানী গ্রুপ, এসিআই, বসুন্ধরা, ডোরীন গ্রুপ, ডানকান, রেনাটা, ম্যারিকো, নিটল-নিয়ল গ্রুপ, ব্র্যাক ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ঢাকা ব্যাংক, মিডল্যান্ড ব্যাংক, সিটি ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, কমার্শিয়াল ব্যাংক অফ সিলন, আইডিএলসি, লংকাবাংলা সিকিউরিটিজ, জিজিকন টেকনোলজিস, প্রথম আলো, ডিবিসি নিউজ, ম্যাগনিটো ডিজিটাল, ইত্যাদি।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থাপিত স্টলে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা দিনভর শিক্ষার্থী এবং শিক্ষকদের সঙ্গে কথা বলেন এবং আগ্রহী শিক্ষার্থীদের কাছ থেকে সিভি সংগ্রহ করেন।

সকালে বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইইউবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান দিদার এ হোসেইন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, ‘মন থেকে ভালোবেসে কাজ করা যায় এমন ক্যারিয়ার বেছে নিতে হবে। বেতন বা সুযোগ-সুবিধার কথা ভেবে প্রলুব্ধ হলে চলবে না।

যে প্রতিষ্ঠানে কাজ করছো, সেই প্রতিষ্ঠানের পরিবেশ কেমন সেটা আগে দেখতে হবে এবং বুঝতে হবে তুমি সেই পরিবেশে ভালো করতে পারবে কিনা।’

উপাচার্য অধ্যাপক তানভীর হাসান বলেন, ‘আমরা আমাদের শিক্ষার্থীদের কাজের জন্য যোগ্য করে গড়ে তোলার উপর জোর দিয়ে থাকি, যাকে ইংরেজিতে বলে এমপ্লয়েবিলিটি। তার জন্য অ্যাকাডেমিক শিক্ষার চেয়ে বাড়তি অনেক কিছু প্রয়োজন হয় যেমন পেশাদারিত্ব, কাজের ক্ষেত্রে শিষ্টাচার এবং নেটওয়ার্কিং।’

উপ-উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি, বলেন, ‘বিভিন্ন খাতের স্বনামধন্য প্রতিষ্ঠান থেকে আসা যোগ্যতাসম্পন্ন পেশাদার ব্যক্তির আামাদের ডাকে সাড়া দিয়েছেন।

গত কয়েক বছর ধরেই আমাদের ডাকে সাড়া দিয়ে আরো বেশি বেশি প্রতিষ্ঠান আমাদের এখানে আসছেন। এজন্য আমরা সম্মানিত বোধ করছি। এতে প্রমাণ হয় শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে আইইউবির উপর আস্থা বাড়ছে’।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে এবিসি গ্রুপের নির্বাহী পরিচালক এবং কর্পোরেট এইচআর এর প্রধান এন এ এম নিয়ামুল ইসলাম বলেন, ‘আপনি যখন একটি প্রশিক্ষিত মানবসম্পদে পরিণত হবেন, তখন আপনার প্রতিষ্ঠান কিন্তু আপনাকে ভুলে যাবে না কারণ আপনি প্রতিষ্ঠানের মুনাফা বাড়াতে ভূমিকা রাখছেন। সুতরাং, প্রতিষ্ঠানের কাছে নিজেকে গুরুত্বপূর্ণ করে তুলতে শিখুন।

,

ইকিগাই এইচআর সার্ভিসেস-এর সিইও এবং আইইউবির প্রাক্তন শিক্ষার্থী আশ্বরিন হাসান সরকার এবং সিজিপিঅ্যান্ডএআর-এর সহকারি পরিচালক ও

প্রধান শারমীন ইসলাম অনুষ্ঠানে বক্তব্য দেন। মিডিয়া পার্টনার হিসেবে ছিলো একাত্তর টেলিভিশন, দা বিজনেস স্ট্যান্ডার্ড এবং দেশ রূপান্তর।



কালের কণ্ঠের খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



[প্রাসঙ্গিক](#)

ক্যারিয়ার

মন্তব্য

সম্পর্কিত খবর